দৈনিক ইত্তেফাক
তারিখ ... 25 OCT 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ৪

26

# গ্রামীণ স্কুলের ধারণা

অনেকেই অবগত আছেন যে, অনানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার একটি মডেল লইয়া আমাদের দেশে ১৯৮৫ সাল হইতেই কাজ করিতেছে একটি বেসরকারী সংস্থা। প্রকাশ, গত ১০ বৎসরে এই সংস্থার পক্ষ হইতে সারাদেশে ৩৪ হাজার স্কুল স্থাপিত হইয়াছে। এইসব স্কুলে প্রায় ১১ লক্ষ ছেলেমেয়ে প্রাথমিক শিক্ষা লাভ করিতেছে। অধিকাংশ স্কুলেই চেয়ার-টেবিলের ব্যবস্থা নাই। শিক্ষার্থীরা লেখাপড়া করে চাটাই বিছাইয়া। ফলে স্কুল সাজাইবার খরচ পড়ে খুবই সামান্য। ছেলেমেয়েদের বইপত্র সরবরাহ করা হয় বিনা মূল্যে। ৩৪ হাজারের মধ্যে ৩১ হাজারই হইতেছে এক কামরা এক শিক্ষকের স্কুল। শিক্ষার্থীদের মধ্যে ৭০ শতাংশ মেয়ে। অপরদিকে শিক্ষাদানকারীদের ৯৫ ভাগই মহিলা। সাধারণতঃ গরীব ভূমিহীন পরিবারের সন্তানরাই বিশেষতঃ স্কুলে যাহারা বাদ পড়া বা ড্রপ আউট তাহারাই লেখাপড়ার জন্য এইসব স্কুলে আসে।

সম্প্রতি এক খবরে জানা যায় যে, আফ্রিকার বিভিন্ন দেশে অনানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার এই মডেলটি জনপ্রিয়তা অর্জন করিতেছে। কৃষ্ণ আফ্রিকার বিভিন্ন দেশ এই মডেল অনুসরণে গ্রহণ করিয়াছে শিক্ষা বিস্তারের কার্যক্রম। এই মডেল অনুসরণেই 'জাম্বিয়ান ওপেন কম্যুনিস্ট পরিকল্পনা' মোতাবেক স্থাপিত হইয়াছে ৪০টি প্রাইমারী স্কুল। আগামী জানুয়ারীতে আরও ৫০টি স্কুল চালু হওয়ার কথা। উগাণ্ডাসহ আরও কয়েকটি আফ্রিকান দেশে এই মডেলে প্রাইমারী স্কুল চালু হইয়াছে। উল্লেখ্য, প্রাইমারী স্কুলের এই মডেল সরেজমিনে পর্যালোচনার জন্য আফ্রিকার কয়েকটি দেশের প্রতিনিধি দল গত বৎসর বাংলাদেশ সফর করিয়াছে।

বাংলাদেশে প্রবর্তিত নূতন নূতন ধারণা অন্যান্য দেশকেও অনুপ্রাণিত করিতেছে, ইহা আমাদের জন্য নিঃসন্দেহে শ্লাঘার বিষয়। বাংলাদেশের গ্রামীণ ব্যাংকের ধারণা এখন সারা বিশ্বেই সমাদৃত। ইহা জানা কথা যে, বিত্তহীন গরীব মানুষদের ঋণদানের জন্য কোন ব্যাংক আগাইয়া আসে না। অথচ ঋণের প্রয়োজন তাহাদেরই বেশী। এই উপলব্ধি হইতেই জন্ম নিয়াছে গ্রামীণ ব্যাংকের ধারণা এবং বাস্তবে তাহা সফল বলিয়া প্রমাণিত। সুখের বিষয়, ব্যবস্থাটি অন্যান্য দেশেরও দৃষ্টি আকর্ষণ করিয়াছে। তবে আমাদের দেশের প্রেক্ষাপটে কোন কোন মহল এই ব্যবস্থার সমালোচনাও করিতেছেন। তাঁহাদের মতে ব্র্যাকের নিয়ন্ত্রণে ৩৪ হাজার স্কুল পরিচালনা অনেকটাই বাহুল্য। কারণ সরকারীভাবেই এখন গ্রামে গ্রামে প্রাইমারী স্কুল গড়িয়া উঠিয়াছে। তবে ব্র্যাক স্কুলসমূহের বেশীর ভাগ ছাত্র-ছাত্রীই স্কুলে না পড়ার সামাজিক অর্থনৈতিক পটভূমি হইতে আগত। তদুপরি এই মডেল অত্যন্ত সফল হিসাবে পরীক্ষিত। বহু উন্নয়নশীল দেশ বাংলাদেশের এই ব্র্যাক মডেল ধার নিতেছে। সরকারী স্কুলের পাশাপাশি অনানুষ্ঠানিক স্কুল চালু থাকিলে পরিষ্কার বুঝা যায় বেসরকারী ব্যবস্থাপনাই অধিকতর কার্যকর।